ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯৩৭

আগরতলা, ১৭ সেপ্টেম্বর, ২০২৬

**সেবা সংকল্প অভিযানে অংশ নিতে রাজ্যবাসীর প্রতি মুখ্যমন্ত্রীর আহ্বান**

সেবা সংকল্প অভিযান উপলক্ষে আজ সকালে ১৫ ত্রিপুরা ব্যাটেলিয়ন এনসিসি-এর উদ্যোগে এবং পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের সহযোগিতায় প্রজ্ঞা ভবনে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সহ অন্যান্য অতিথিগণ এই রক্তদান শিবির পরিদর্শন করে রক্তদাতাদের উৎসাহিত করেন।

পরে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৭ অক্টোবর ২০০১ সালে প্রথমবার গুজরাটের মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং পরবর্তীতে দেশের প্রধানমন্ত্রী হন। তাঁর এই ২৫ বছর কর্মজীবনের দায়িত্ব পালন করার দিনটিকে ঐতিহাসিকভাবে স্মরণীয় করে রাখার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আজ থেকে আগামী ১৭ অক্টোবর পর্যন্ত এক মাস ব্যাপী বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এরই অঙ্গ হিসেবে আজ সেবা দিবস হিসেবে রাজ্যের বিভিন্ন স্থানে রক্তদান শিবিরের আয়োজন করা হচ্ছে। এছাড়াও সন্ধ্যায় 'আর্শিবাদ কা দিয়া' অনুষ্ঠান উপলক্ষে রাজ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানগুলিতে প্রদীপ প্রজ্জ্বলন করা হবে। এরই অংশ হিসেবে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের সহযোগিতায় এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। তিন্রি রাজ্যবাসীকে রাজ্য সরকারের গৃহীত এই এক মাসব্যাপী কর্মসূচিতে অংশগ্রহণ করার আহ্বান জানান। আজকের এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্ট াচার্য সহ স্বাস্থ্য দপ্তর, এনসিসি'র বিভিন্ন স্তরের আধিকারিকগণ।

*******